



বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়

ফোন : ৯৫৭৪০২৫  
: ৯৫৬০০৩১-৩৫/২৫০

৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

E-mail: dgmbcbd@krishibank.org.bd

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ।

নং প্রকা/শানিব্যাউবি-১(৩৩)/২০১৮-২০১৯/১৭৯০

তারিখ : ০৩-০৬-২০১৯ইং

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়  
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ  
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়  
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)  
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ব্যাংকের ব্যবসা কেন্দ্রের নিরাপত্তা নিশ্চিতকল্পে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ নীতি শাখা-৩ এর ১৬ জ্যৈষ্ঠ, ১৪২৬/৩০ মে ২০১৯ খ্রিঃ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-১০ এবং অত্র বিভাগের জারীকৃত ২৩/০৫/২০১৯ খ্রিঃ তারিখের পত্র নং প্রকা/শানিব্যাউবি-১(৩৩)/২০১৮-১৯/১৭৫৯ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।


০২। উক্ত পত্রের ধারাবাহিকতায় আসন্ন ঈদ-উল-ফিতর উপলক্ষে ঘোষিত ছুটির দিনে ব্যাংকের সকল ব্যবসা কেন্দ্রসহ গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহের সাইবার নিরাপত্তাসহ সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য আপনাদেরকে বিশেষভাবে নির্দেশনা দেয়া যাচ্ছে।

০৩। এছাড়া ছুটির দিনসহ ব্যাংকের দৈনন্দিন কার্যক্রম শেষ হওয়ার পর রাত্রিকালীন সময়ে আকস্মিক ভিত্তিতে কর্মকর্তা কর্তৃক শাখা পরিদর্শন করার ব্যবস্থা করা, ঈদ-উল-ফিতর উপলক্ষে ঘোষিত ছুটির দিনগুলিতে ব্যাংকের আইটি সিস্টেমস, বিভিন্ন স্থাপনা এবং ভল্টের নিরাপত্তা সুনিশ্চিত করতে শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের মাধ্যমে পালাক্রমে তদারকির ব্যবস্থা গ্রহন করা এবং ব্যাংকের সকল ব্যবসা কেন্দ্রসহ গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহের নিকটবর্তী থানা অর্থাৎ পুলিশ স্টেশন, র‍্যাব অফিস ও অন্যান্য আইন শৃংখলা রক্ষাকারী বাহিনীর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করার মাধ্যমে নিরাপত্তা নিশ্চিত করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

০৪। উল্লেখ্য আসন্ন ঈদ-উল-ফিতরের ঘোষিত ছুটির দিনগুলিতে ব্যাংক শাখার ভল্টে সর্বনিম্ন পরিমাণ নগদ তহবিল ধারণ করার জন্যও পরামর্শ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

আপনার বিশ্বস্ত,  
  
০৬/০৬/২০১৯

(মোহাম্মদ মনিরুল ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক

নং প্রকা/শানিব্যাউবি-১(৩৩)/২০১৮-২০১৯/১৭৯০

তারিখ : ০৩-০৬-২০১৯ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।
- ৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৭। নথি/মহানথি।

  
০৩.০৬.১৯

(মোঃ নিজামুল ইসলাম)

সহকারী-মহাব্যবস্থাপক